



ছবি- মোঃ সালাহউদ্দীন ॥ (বামে) গতকাল (ভুক্তবার) নবনির্বাচিত প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দীন আহমদকে শপথবাক্য পাঠ করান প্রধান বিচারপতি বিচারপতি জনাব মাইনুর রেজা চৌধুরী। মাঝে উপবিষ্ট বিদায়ী অস্থায়ী প্রেসিডেন্ট ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার। (ডানে) শপথ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, সাবেক প্রেসিডেন্ট অধ্যাপক ডা. এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীসহ মন্ত্রিপরিষদের সদস্যবৃন্দ ও বিদেশী কূটনৈতিকবৃন্দ এবং আমন্ত্রিত বিশিষ্ট ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট হিসেবে ইয়াজউদ্দীন আহমদের শপথ গ্রহণ

৩২ বছরে ১৮ জন প্রেসিডেন্ট

ক্রমিক নং	প্রেসিডেন্টের নাম	কার্যকাল
১।	জনাব সৈয়দ নজরুল ইসলাম (অস্থায়ী প্রেসিডেন্ট)	১০-৪-১৯৭১ ১০-১-১৯৭২
২।	জনাব শেখ মুজিবুর রহমান	১০-১-১৯৭২ ১২-১-১৯৭২
৩।	বিচারপতি আবু সাঈদ চৌধুরী	১২-১-১৯৭২ ২৪-১২-১৯৭৩
৪।	জনাব মুহম্মদুজ্জামিল	২৭-১-১৯৭৪ ২৫-১-১৯৭৫
৫।	জনাব শেখ মুজিবুর রহমান	২৫-১-১৯৭৫ ১৫-৮-১৯৭৫
৬।	জনাব বদরুদ্দোজা মোহাম্মদ আহমদ	১৫-৮-১৯৭৫ ৬-১১-১৯৭৫
৭।	বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়ম	৬-১১-১৯৭৭ ২১-৪-১৯৭৭
৮।	মেঃ জেনারেল জিয়াউর রহমান, বিইউ পিএসসি	২১-৪-১৯৭৭ ৩০-৫-১৯৮১
৯।	বিচারপতি আব্দুল সাত্তার (অস্থায়ী প্রেসিডেন্ট)	৩০-৫-১৯৮১ ২০-১১-১৯৮১
১০।	বিচারপতি আব্দুল সাত্তার	২০-১১-১৯৮১ ২৪-৩-১৯৮২
১১।	বিচারপতি এ এফ এম আহসান উদ্দিন চৌধুরী	২৭-৩-১৯৮২ ১১-১২-১৯৮৩
১২।	জনাব হুসেইন মুহম্মদ এরশাদ	১১-১২-১৯৮৩ ৬-১২-১৯৯০
১৩।	বিচারপতি জনাব সাহাবুদ্দীন আহমদ (অস্থায়ী প্রেসিডেন্ট)	৬-১২-১৯৯০ ৯-১০-১৯৯১
১৪।	জনাব আবদুর রহমান বিশ্বাস	৯-১০-১৯৯১ ৮-১০-১৯৯৫
১৫।	বিচারপতি জনাব সাহাবুদ্দীন আহমদ	৯-১০-১৯৯৫ ১৪-১১-২০০১
১৬।	অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী	১৪-১১-২০০১ ২১-৬-২০০২
১৭।	ব্যারিস্টার মুহম্মদ জমিরউদ্দীন সরকার (অস্থায়ী প্রেসিডেন্ট)	২১-৬-২০০২ ৬-৯-২০০২
১৮।	প্রফেসর ডঃ ইয়াজউদ্দীন আহমদ	৬-৯-২০০২

স্টাফ রিপোর্টার : প্রফেসর ইয়াজউদ্দীন আহমদ দেশের ১৮তম প্রেসিডেন্ট হিসেবে শপথ গ্রহণ করেছেন। প্রধান বিচারপতি মাইনুর রেজা চৌধুরী গতকাল (ভুক্তবার) সন্ধ্যায় বঙ্গভবনের দরবার হলে অভ্যন্তরীণ জাকজমকপূর্ণ অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠানে বিদায়ী অস্থায়ী প্রেসিডেন্ট ব্যারিস্টার মুহম্মদ জমিরউদ্দীন সরকার ছাড়াও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, সাবেক প্রেসিডেন্ট প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী এবং বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

বিএনপির সংসদীয় দলের অনাস্থার মুখে প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী গত ২১ জন প্রেসিডেন্ট পদ থেকে পদত্যাগ করেন। তখন হতে গতকাল (ভুক্তবার) সন্ধ্যা পর্যন্ত স্পীকার ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার অস্থায়ী প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন। গত ৩ সেক্টরের বিএনপি স্ট্যান্ডিং কমিটির সভায় সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা বিশিষ্ট শিক্ষাবিদ ডক্টর ইয়াজউদ্দীন আহমদকে চারদলীয় জোটের পক্ষে প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে মনোনয়ন চূড়ান্ত করা হয়। গত বৃহস্পতিবার প্রধান

নির্বাচন কমিশনার এম এ এম সাঈদ অন্য কোন প্রার্থী না থাকায় তাকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রেসিডেন্ট নির্বাচিত ঘোষণা করেন। গতকাল সন্ধ্যা ৭টা ৩৫ মিনিটে বঙ্গভবনের জগদীশ্বর দরবার হলে শপথ অনুষ্ঠান শুরু হয়। পবিত্র কোরআন তেলাওয়াতের পর কেবিনেট সচিব ডঃ সাঈদ হুসেইনের পরিচালনায় প্রধান বিচারপতি নতুন প্রেসিডেন্টকে শপথ পড়ান। অনুষ্ঠান শুরু ৩ মিনিট আগে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বঙ্গভবনে উপস্থিত হন। বিদায়ী অস্থায়ী প্রেসিডেন্ট জমিরউদ্দীন সরকার নয়া প্রেসিডেন্ট প্রফেসর ইয়াজউদ্দীন আহমদ ও প্রধান বিচারপতি মাইনুর রেজা চৌধুরীকে সাথে নিয়ে শপথ মঞ্চে উঠেন। জাতীয় সঙ্গীত পরিবেশনের পর পরই তারা তিনজন পাশাপাশি চেয়ারে বসেন। কেবিনেট সচিব মাইকে অনুপ্রবেশ জানালে প্রধান বিচারপতি নতুন প্রেসিডেন্টকে শপথ বাক্য পাঠ করান। শপথ শেষে বিদায়ী প্রেসিডেন্ট ও নতুন প্রেসিডেন্ট পরস্পরের সাথে করমর্দন করেন। এ সময় গোটা দরবার হল ভুমূল করতালিতে মুখরিত হয়ে উঠে। নতুন

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

প্রেসিডেন্টের শপথ
প্রথম পৃষ্ঠার পর

প্রেসিডেন্টের পাশের টেবিলে রাখা বইয়ে প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করে তিনি স্বাক্ষর দেন। শপথ অনুষ্ঠানে অন্যান্যের সাথে নতুন প্রেসিডেন্টের সহধর্মিণী প্রফেসর ডক্টর আনোয়ারা বেগমও উপস্থিত ছিলেন। শপথ অনুষ্ঠানে প্রধান বিরোধী দল আওয়ামী লীগের কেউ উপস্থিত ছিলেন না। চারদলীয় জোটের নেতৃবৃন্দের বাইরে জাতীয় পার্টির বেগম রওশন এরশাদ, আনোয়ার হোসেন মঞ্জু ছাড়া বড় দলের তেমন কাউকে দেখা যায়নি। রাষ্ট্রীয় এই অনুষ্ঠানে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ হাবিবুর রহমান, সাবেক প্রধান বিচারপতি এ টি এম আফজাল ছাড়াও মন্ত্রিসভার সদস্যবৃন্দ, সংসদ সদস্যবৃন্দ, সুপ্রীম কোর্টের বিচারপতিগণ, রাজনৈতিক নেতৃবৃন্দ, পিএসসি'র চেয়ারম্যান প্রফেসর জেড এন তাহমিদা বেগম, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, সশস্ত্র বাহিনীর প্রধানগণ, কূটনৈতিক মিশনের সদস্যবর্গ, সামরিক ও বেসামরিক উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং বিশিষ্ট নাগরিকবৃন্দ উপস্থিত ছিলেন। শপথ অনুষ্ঠান শেষে নতুন প্রেসিডেন্ট ড. ইয়াজউদ্দীন আহমদ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, স্পীকার ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার এবং অন্যান্য অভিযোজিত নিয়ে চা-চক্রে অংশ নেন। ৭১ বছর বয়স্ক প্রফেসর ইয়াজউদ্দীন আহমদ প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর দৈনিক ইনকিলাবসহ বিভিন্ন পত্রিকার সাথে কথা বলেন। তিনি তার দায়িত্ব পালনকালে দেশের সহযোগিতা চান।